গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
রাজশাহী সরকারি মডেল স্কুল এন্ড কলেজ, রাজশাহী
ফোন নং ঃ ০২৪৭-৮১২৫৩২, মোবাইল নং: ০১৩০৯-১২৭০৪৩
web: www.rmscraj.edu.bd/e-mail:mail.rmsc@gmail.com

তারিখ : ০৩/০৮/২০২৩ খ্রি.

## আল-আরাফাহ ইসলামী ব্যাংক ৯ম বাংলাদেশ জুনিয়র সায়েন্স অলিম্পিয়াড-২০২৩ এর অনলাইন রেজিস্ট্রেশন সম্পর্কিত বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, আল-আরাফাহ ইসলামী ব্যাংক ৯ম বাংলাদেশ জুনিয়র সায়েন্স অলিম্পিয়াড-২০২৩ এর অনলাইন রেজিস্ট্রেশনের জন্য আগ্রহী শিক্ষার্থীদের আগামী ১১/০৮/২০২৩ তারিখের মধ্যে রেজিস্ট্রেশন করার জন্য বলা হলো। জরুরী প্রয়োজনে পদার্থবিজ্ঞান বিষয়ের প্রভাষক জনাব মো: আহাম্মেদ হোসাইন এর নিকট যোগাযোগ (০১৭১৭-৫০৭২৩৫) করার জন্য বলা হলো।

অধ্যক্ষ
রাজশাহী সরকারি মডেল স্কুল এন্ড কলেজ
রাজশাহী।

৩০ জুলাই ২০২৩

প্রধান শিক্ষক
রাজশাহী মডেল স্কুল এন্ড কলেজ
রাজপাড়া ,রাজশাহী ।

**বিষয়: আল-আরাফাহ্ ইসলামী ব্যাংকে ৯ম বাংলাদেশ জুনিয়র সায়েন্স অলিম্পিয়াড ২০২৩-এর অনলাইন রেজিস্ট্রেশন প্রসঙ্গে**

প্রিয় মহোদয়,
শুভেচ্ছা জানবেন। আপনি নিশ্চই অবগত আছেন যে, গত কয়েক বছর ধরে দেশের শিক্ষার্থীদের মধ্যে বিজ্ঞানের প্রতি ভালবাসা বৃদ্ধি ও বিজ্ঞান গবেষণায় উৎসাহী করার জন্য আমরা বেশ কিছু উদ্যোগ গ্রহণ করেছি। এই উদ্যোগগুলোর একটি বাংলাদেশ জুনিয়র সায়েন্স অলিম্পিয়াড। ২০১৫ সাল থেকেই আন্তর্জাতিক জুনিয়র সায়েন্স অলিম্পিয়াড (আইজেএসও)-এর বাংলাদেশ দল নির্বাচনের জন্য আমরা আয়োজন করে আসছি বাংলাদেশ জুনিয়র সায়েন্স অলিম্পিয়াড (বিডিজেএসও)। ২০১৫ সাল থেকে ২০২২ সাল পর্যন্ত আইজেএসও-তে বাংলাদেশ দল সর্বমোট ১২টি রৌপ্য পদক ও ২১ টি ব্রোঞ্জ পদক অর্জন করেছে। সর্বশেষ ২০২২ সালে কলোম্বিয়ার রাজধানী বোগোতায় আইজেএসও-র ১৯তম আসরে বাংলাদেশ দল ৪টি ব্রোঞ্জ অর্জন করেছে। এবার দেশে হতে যাচ্ছে বিডিজেএসও-এর **নবম আয়োজন**। এবছর সারা দেশের বিভিন্ন অঞ্চলের শিক্ষার্থীরা অনলাইনে রেজিস্ট্রেশন করে প্রথমে অনলাইনে বাছাই পর্বে অংশ নিবে। সেখান থেকে বাছাইকৃতরা ঢাকা, চট্টগ্রাম, খুলনা ও নেত্রকোনার ৪টি ভেন্যুতে আঞ্চলিক অলিম্পিয়াডে ও ৪টি অনলাইন আঞ্চলিক অলিম্পিয়াডে অংশ নিবে। এর পাশাপাশি বেশ কয়েকটি স্কুলে "স্কুল অলিম্পিয়াড" অনুষ্ঠিত হবে। এই আঞ্চলিক জুনিয়র সায়েন্স অলিম্পিয়াড ও স্কুল অলিম্পিয়াডের বিজয়ীরা ঢাকায় অনুষ্ঠেয় জাতীয় জুনিয়র সায়েন্স অলিম্পিয়াডে অংশ নেবে। সেখান থেকে বাছাইকৃতদেরকে নিয়ে ক্যাম্প ও পরীক্ষার মাধ্যমে নির্বাচিত ছয়জন এবছর থাইল্যান্ডের ব্যাংককে ২০তম আন্তর্জাতিক জুনিয়র সায়েন্স অলিম্পিয়াডে বাংলাদেশের প্রতিনিধিত্ব করবে। আপনি জেনে খুশি হবেন যে, এবারের অনলাইন বাছাই অলিম্পিয়াডটি আগামী ১১/০৮/২০২৩ তারিখে অনুষ্ঠিত হবে। সেজন্য অনলাইনে রেজিস্ট্রেশন চলছে।

**রেজিস্ট্রেশন লিংক:** online.bdjso.org

আমরা চাই এবারে বিডিজেএসও-র অনলাইন বাছাই পর্বে আপনার প্রতিষ্ঠানের শিক্ষার্থীরা অংশগ্রহণ করুক। তাই অনলাইনে রেজিস্ট্রেশন করতে শিক্ষার্থীদের উৎসাহিত করার জন্য আপনাকে বিনীত অনুরোধ করছি।

উল্লেখ্য, বিডিজেএসও-তে শিক্ষার্থীরা **চারটি ক্যাটাগরিতে** অংশ নিতে পারবে: (১) প্রাইমারি: তৃতীয়-পঞ্চম, (২) জুনিয়র: ষষ্ঠ-অষ্টম, (৩) সেকেন্ডারি: নবম-দশম, (৪) বিশেষ (একাদশ শ্রেণির বিশেষ শিক্ষার্থী, যাদের জন্ম ১ জানুয়ারি ২০০৮-এর পরে)

ধন্যবাদসহ,

মুনির হাসান
সহ সভাপতি,বাংলাদেশ বিজ্ঞান জনপ্রিয়করণ সমিতি
সাধারণ সম্পাদক, বাংলাদেশ গণিত অলিম্পিয়াড কমিটি

অনুপ্রেরণায়: IJSO

আল-আরাফাহ্ ইসলামী ব্যাংক

# ৯ম বাংলাদেশ জুনিয়র সায়েন্স অলিম্পিয়াড ২০২৩

সেরা ৬ জন বাংলাদেশ দল হিসেবে অংশ নিবে থাইল্যান্ডে অনুষ্ঠেয় ২০তম আন্তর্জাতিক জুনিয়র সায়েন্স অলিম্পিয়াডে

## অনলাইনে রেজিস্ট্রেশন চলছে

## রেজিস্ট্রেশন লিংক: online.bdjso.org

**ক্যাটাগরি**

- প্রাইমারী (৩য়-৫ম শ্রেণি)
- জুনিয়র (৬ষ্ঠ-৮ম শ্রেণি)
- সেকেন্ডারি (৯ম-১০ম শ্রেণি ও এসএসসি'২৩)
- বিশেষ (১১শ শ্রেণি)

(১ জানুয়ারি ২০০৮ এর পর যাদের জন্ম)

রেজি: করতে স্ক্যান করুন

**১ম অনলাইন বাছাই পর্ব অনুষ্ঠিত হবে আগস্ট মাসের প্রথম সপ্তাহে**

১ম পর্বের বিজয়ীদের নিয়ে ২য় পর্ব অনলাইন ও অফলাইনে অনুষ্ঠিত হবে আগস্ট মাসের দ্বিতীয় ও তৃতীয় সপ্তাহে



বিস্তারিত: https://bdjso.org/ fb.com/bdjso info@bdjso.org

টাইটেল স্পনসর:

আয়োজক: বাংলাদেশ বিজ্ঞান জনপ্রিয়করণ সমিতি, বাংলাদেশ ফ্রিডম ফাউন্ডেশন, জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর

আল-আরাফাহ্ ইসলামী ব্যাংক লিমিটেড
Al-Arafah Islami Bank Limited

## আন্তর্জাতিক জুনিয়র সায়েন্স অলিম্পিয়াড (আইজেএসও)

সারা বিশ্বের স্কুল পড়ুয়া অনূর্ধ্ব ১৬ বছর বয়সী শিক্ষার্থীদের নিয়ে প্রতি বছর বিশ্বের এক একটি দেশে আয়োজিত হয় আন্তর্জাতিক জুনিয়র সায়েন্স অলিম্পিয়াডে (আইজেএসও)। এই অলিম্পিয়াডে প্রতি বছর বাংলাদেশের পক্ষ থেকে ৬ জন অংশ গ্রহণের সুযোগ পায়। সেই ৬ জনকে খুঁজে বের করার জন্য প্রতি বছর আয়োজন করা হয় বাংলাদেশ জুনিয়র সায়েন্স অলিম্পিয়াড (বিডিজেএসও)। ২০১৫ সাল থেকে ২০২২ সাল পর্যন্ত দক্ষিণ কোরিয়ায় ১টি ব্রোঞ্জ, ইন্দোনেশিয়ায় ৩টি রৌপ্য ও ৩ টি ব্রোঞ্জ, নেদারল্যান্ডসে ১টি রৌপ্য ও ৩ টি ব্রোঞ্জ, বতসোয়ানায় ২টি রৌপ্য ও ৪ টি ব্রোঞ্জ, কাতারে ৪টি রৌপ্য ও ২ টি ব্রোঞ্জ, দুবাইয়ে ২টি রৌপ্য ও ৪ টি ব্রোঞ্জ ও কলম্বিয়ায় ৪ টি ব্রোঞ্জ সহ আন্তর্জাতিক এই অলিম্পিয়াডে বাংলাদেশ দল এ পর্যন্ত ১২টি রৌপ্য পদক ও ২১ টি ব্রোঞ্জ পদক মিলে মোট ৩৩টি পদক অর্জন করেছে।

## বাংলাদেশ জুনিয়র সায়েন্স অলিম্পিয়াড (বিডিজেএসও)

স্কুল ও কলেজ পড়ুয়া শিক্ষার্থীদেরকে বিজ্ঞানের প্রতি উৎসাহিত করতে ও আইজেএসও-র জন্য ৬ সদস্যের বাংলাদেশ দল গঠনে উদ্দেশ্যে প্রতিবছর আয়োজিত হয় বাংলাদেশ জুনিয়র সায়েন্স অলিম্পিয়াড। এতে তৃতীয় থেকে পঞ্চম শ্রেণি প্রাইমারি ক্যাটাগরি, ষষ্ঠ থেকে অষ্টম শ্রেণি জুনিয়র ক্যাটাগরি, নবম-দশম শ্রেণি সেকেন্ডারি ক্যাটাগরি এবং একাদশ শ্রেণির শিক্ষার্থীরা বয়স থাকা সাপেক্ষে স্পেশাল ক্যাটাগরিতে অংশ নিতে পারবে।

প্রস্তুতি: বিডিজেএসও-র প্রস্তুতির জন্য ক্লাসের বিজ্ঞান বইয়ের পুরোটা বুঝে পড়া হচ্ছে প্রথম কাজ। এর বাহিরে, যদি উপরের ক্লাসের ও বাহিরের বিজ্ঞানের প্রব্লেম সলভিংয়ের বইটা চর্চা করে নেয়া যায় সেটা প্রস্তুতির জন্য আরও ভাল হবে।

প্রশ্নের ধরন: প্রতি ক্যাটাগরিতে তার ক্লাসের বইয়ের সিলেবাসের টপিক থেকেই সাধারণত ফিজিক্স, কেমেস্ট্রি ও বায়োলজি এই ৩টি ভাগে প্রশ্ন হয়ে থাকে। বাছাই পর্ব ও আঞ্চলিক পর্বে প্রশ্নগুলো সাধারণত এক কথায় প্রকাশ হয়ে থাকে। জাতীয় পর্বে ছোট ও বড় দুই ধরনের প্রশ্ন হয়ে থাকে।

যারা বিজ্ঞানের বিভিন্ন বিষয়ে নিজের ধারণা আর সমস্যা সমাধানের দক্ষতা যাচাই করে দেখতে চায়, বিজ্ঞান শেখার আনন্দ উপভোগ করতে চায়- তাদের জন্যই বিজ্ঞানের এই মহোৎসব। তাছাড়া, জাতীয় অলিম্পিয়াড ও ক্যাম্পে দেশ সেরা শিক্ষার্থীদের সাথে নিজেকে প্রস্তুত করা ও বিজ্ঞানের মধ্য দিয়ে নিজের দেশকে বিশ্বমঞ্চে তুলে ধরার সুযোগও রয়েছে বাংলাদেশ জুনিয়র সায়েন্স অলিম্পিয়াডে। আরও জানতে ভিজিট করা যাবে: bdjso.org